

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৩০

১৭/ ক্রয়-বিক্রয় ও ব্যাবসা-বাণিজ্য (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৩৪৯. অগ্রিম মূল্য নিয়ে বিক্রি করা।

باب فِي السَّلَفِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصَفَّى، حَدَّثَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي غَنِيَّةَ، حَدَّثَنِي أَبُو إِسْحَاقَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى الأَسْلَمِيِّ، قَالَ غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم الشَّامَ فَكَانَ يَأْتِينَا أَنْبَاطٌ مِنْ أَنْبَاطِ الشَّامِ فَنُسْلِفُهُمْ فِي الْبُرِّ وَالزَّيْتِ سِعْرًا مَعْلُومًا وَأَجَلاً مَعْلُومًا فَقِيلَ لَهُ مِمَّنْ لَهُ ذَلِكَ قَالَ مَا كُنَّا نَسْأَلُهُمْ .

## বাংলা

৩৪৩০. মুহাম্মদ ইবন মুসাফফা (রহঃ) .... আবদুল্লাহ ইবন আবূ আওফা আসলামী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে শামের যুদ্ধে অংশ গ্রহণ করি। এ সময় সেখানকার কৃষকেরা আমাদের নিকট আসতো এবং আমরা তাদের নিকট হতে গম এবং তেল নির্দিষ্ট মূল্যে এবং নির্ধারিত সময়ের জন্য অগ্রিম খরিদ করতাম। তখন তাঁকে জিজ্ঞাসা করা হয় যে, যাদের নিকট এ ধরনের মাল থাকতো, আপনারা কি কেবল তাদের সাথে অগ্রিম ক্রয়-বিক্রয় করতেন? তখন তিনি বলেনঃ আমরা তো তাদের এ ব্যাপারে জিজ্ঞাস করতাম না।

## **English**

Narrated Abdullah ibn AbuAwfa ibn AbuAwfa al-Aslami:

We made a journey to Syria on an expedition along with the Messenger of Allah (ﷺ). The Nabateans of Syria came to us and we paid in advance to them (in a salam contract) in wheat and olive oil at a specified rate and for a specified time. He asked (by the people): you might have contracted with him who had these things in his possession? He replied: We did not ask them.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউভেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন